

প্রেস রিলিজ

৯ ডিসেম্বর ২০২৪

কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণের বিকল্প নেই- বাউবি উপাচার্য

কর্মক্ষেত্রে দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণের কোনও বিকল্প নেই। এই প্রশিক্ষণ কর্মশালা বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরের শিক্ষক কর্মকর্তাদের জন্য হওয়া উচিত। প্রতিটি স্তরের কর্মকর্তাদের কর্মদক্ষতা বৃদ্ধির জন্য এই প্রশিক্ষণের কোন বিকল্প নেই। কর্মশালার রিসোর্স পারসন অত্যন্ত দক্ষতা ও অভিজ্ঞতার আলোকে অংশগ্রহণকারী কর্মকর্তাদের “আধুনিক অফিস ব্যবস্থাপনা” বিষয়ে যে প্রশিক্ষণ প্রদান করেছেন তা কাজে লাগিয়ে প্রশিক্ষণার্থীদের জ্ঞান ভাণ্ডারকে সমৃদ্ধ করতে হবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের “আধুনিক অফিস ব্যবস্থাপনা” শীর্ষক দুই দিনব্যাপী অনুষ্ঠিত কর্মশালার সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে ৯ ডিসেম্বর ২০২৪ তারিখে সোমবার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম এসব কথা বলেন। এছাড়াও উপাচার্য কর্মশালা থেকে প্রশিক্ষণলব্ধ জ্ঞান প্রতিষ্ঠানের স্ব স্ব কর্মক্ষেত্রে যথাযথভাবে প্রয়োগের জন্য কর্মকর্তাদের আহ্বান জানান



সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন উপাচার্য অধ্যাপক ড. এবিএম ওবায়দুল ইসলাম।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালার সমাপনী ও সনদ বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সাঈদ ফেরদৌস ও কর্মশালার রিসোর্স পারসন সাবেক অতিরিক্ত সচিব মোঃ আলাউদ্দিন। কর্মশালার সমাপনী ও সনদ বিতরণী অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এর অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ জহির রায়হান। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আইকিউএসি এর অতিরিক্ত পরিচালক খান মোঃ মনোয়ারুল ইসলামসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মো: খালেকুজ্জামান খান

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল- ০১৭১১২০৭৬৯৮